

শিক্ষাসচিবের সঙ্গে সাক্ষাতে ৩০ প্রস্তাবনা তুলে ধরল শিবির

নিজস্ব প্রতিবেদক

১৯ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদের সমগ্র



শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের রুটিন দায়িত্বে থাকা মো. মজিবুর রহমানের সঙ্গে সাক্ষাৎ ও মতবিনিময় করেছেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের নেতারা। এ সময় তারা দেশের শিক্ষাব্যবস্থা সংস্কারে ৩০ দফা প্রস্তাবনা তুলে ধরেন। প্রস্তাবের মধ্যে শিক্ষার্থীদের সামরিক ও শারীরিক শিক্ষা, স্বাধীন ও স্বতন্ত্র নিয়োগ কমিশন গঠন, নারী শিক্ষার প্রসারসহ নানান বিষয় তুলে ধরা হয়েছে। গত রবিবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে এ সাক্ষাৎ ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। ছাত্রশিবিরের প্রতিনিধি দলে নেতৃত্ব দেন সংগঠনের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক সিবাগাতুল্লাহ। ছাত্রশিবিরের প্রচার সম্পাদক আজিজুর রহমান আজাদের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের এক প্রতিনিধি দল সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেছে। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন সংগঠনের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক সিবাগাতুল্লাহ।

মতবিনিময় শেষে তিনি শিক্ষা সচিবের কাছে ছাত্রশিবির প্রণীত ৩০ দফা শিক্ষা সংস্কার প্রস্তাবনার কপি আনুষ্ঠানিক হস্তান্তর করেন।

প্রতিনিধি দলে ছিলেন ছাত্রশিবিরের কেন্দ্রীয় সমাজসেবা সম্পাদক আব্দুল মোহাইমেন, ব্যবসায় শিক্ষা সম্পাদক গোলাম জাকারিয়া, শিক্ষা সম্পাদক মুহাম্মাদ ইব্রাহীম, বিতর্ক সম্পাদক আসাদুল ইসলাম, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি রিয়াজুল ইসলাম প্রমুখ।